


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৮৫৬

তারিখঃ ২৯/০৫/২০১৩ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৮০ তম কমিশন সভা অদ্য ২৯/০৫/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় কমিশন, Petro Synthetic Products Ltd. (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ সমাপ্ত অর্থ বছরের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২. Saleh Carpet Mills Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১০ সমাপ্ত অর্থ বছরের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. এছাড়াও আজকের সভায় Fareast Finance & Investment Ltd. এর ১০ টাকা মূল্যমানের ৪.৫০ কোটি সাধারণ শেয়ার ইস্যু করার নিমিত্ত প্রাথমিক গণ প্রস্তাব (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ৪৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মূলধন ভিত্তি এবং তারল্য অবস্থা শক্তিশালীকরণ খাতে ব্যয় করবে। Fareast Finance & Investment Ltd. এর ৩০শে জুন ২০১১ সালের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু হচ্ছে ১৫.০৬ টাকা (revaluation reserve সহ), শেয়ার প্রতি আয় ১.০৪ টাকা। উল্লেখ্য, Grameen Capital Management Ltd., Fareast Finance & Investment Ltd. এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।

  
29/05/2013

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র